# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৫৯. ক্রীতদাসের উপর মনিবের অধিকার

আবদুল্লাহ্ ইবনু উমার (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্ (সা.) বলেছেন,

إن العبد إذا نصح لسيده وأحسن عبادة ربه فله أجره مرتين

‘যে দাস তার মনিবের কল্যাণ কামনা করবে এবং সেই সাথে তার প্রতিপালকের ইবাদাত করবে তার জন্য দুটো পুরস্কার রয়েছে।[১]

জারীর ইবনু আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্ (সা.) বলেছেন,

أيما عبد أبق فقد برئت منه الذمة

‘যে দাস পালিয়ে যায় তার থেকে (আল্লাহ্ ও তাঁর রাসূলের) যিম্মাদারী (দায়দায়িত্ব) শেষ হয়ে যায়।”[২]

অন্য হাদীসে বলা হয়েছে, রাসূলুল্লাহ (সা.) বলেছেন,

العبد الأبق لا يقبل الله منه صلاته حتى يرجع الى مواليه

‘পলাতক দাস যতক্ষণ পর্যন্ত তার মনিবের কাছে ফিরে না আসবে ততক্ষণ তার নামায আল্লাহর কাছে কবুল হবে না।[৩]

## ফুটনোট

[১]. সহীহ আল বুখারী; সহীহ মুসলিম।

[২]. সহীহ মুসলিম, হাদীস-১৩৩।

[৩]. সুনানু আবী দাউদ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12357

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন